



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট নেই।

স্বল্প খরচে সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ মহিলা কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

নং- ৪৯.০২.০০০০.০৪.১২.০০১/৯৩

তারিখ: ১১.০১.২০২৫ খ্রিস্টাব্দ

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডান এর **GALAXY APPAREL Company-** এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ মহিলা কর্মী নিয়োগ করা হবে :

ক্র নং	পদেরনাম	সংখ্যা	মাসিক মূল বেতন
০১	মহিলা মেশিন অপারেটর (Female Machine Operator)	৯৭ জন	১৩০ জেডি

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ২০-৩৬ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভার টাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়ন যোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমানভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত মহিলা মেশিন অপারেটরদের মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা, ফিঙ্গার প্রিন্ট বাবদ ২২০/- (দুইশত বিশ) টাকা। উল্লিখিত পরিমাণ ব্যতিত অন্য কোথাও কোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদা কালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে)। আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ আগামী ১৬ জানুয়ারি ২০২৬ শুক্রবার সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে- কোনো তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ ও ০২-৪৮৩১৭৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাস বন্ধু কল সেন্টার এর ১৬১৩৫ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

অনলাইন আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/>

অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন ফি বাবদ ১০০/- (একশত টাকা) চার্জ পরিশোধ করতে হবে।

বি.দ্র. : অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকুরির নিশ্চয়তা বহন করবে না। চাকুরির জন্য আপনাকে অবশ্যই ড্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বোয়েসেল-এর কোন এজেন্ট বা সাবএজেন্ট নেই।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন প্রকার ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/ চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়।

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২, ইন্টারন্যাশনাল গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)

ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭

ই-মেইল : [info@boesl.gov.bd](mailto:info@boesl.gov.bd)

ওয়েব : [www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)